

যুগবন্দ

সাম্প্রতিককালে বাংলায় যে সব গবেষণার কাজ সম্পাদিত হচ্ছে তার দিকে লক্ষ্য রাখলে দেখবো - গতানুগতিক পথ ও আলোচ্য বিষয় থেকে সরে গিয়ে নিত্য নতুন গবেষণার ক্ষেত্র অনুসন্ধান করছেন এখনকার গবেষকবৃন্দ । বস্তুত, গবেষণার বিষয়বস্তু নির্বাচনের ক্ষেত্রে এই প্ৰবণতা বিশেষভাবে লক্ষ্য করা যাচ্ছে ।

এদিকে লক্ষ্য রেখেই যখন আমি বাংলা উপন্যাস নিয়ে গবেষণার কথা ভেবেছিলাম তখন সুভাবতই বাংলা উপন্যাসে বিধৃত প্রেম ও বিবাহ ঘটিত সমস্যার কথাটা বিশেষভাবে আমাকে আকৃষ্ট করেছিল । অতঃপর দীর্ঘ কয়েকবছর এবিষয়ে নিয়মিত পড়াশুনা ও গবেষণামূলক দৃষ্টিভঙ্গী থেকে যে সিদ্ধান্তে পৌঁছোতে পেরেছি, বর্তমান গবেষণা গ্রন্থে আমি তা তুলে ধরেছি । উল্লেখ করা যেতে পারে এই গবেষণা - প্রকল্পের শিরোনাম : বাংলা উপন্যাসে প্রেম ও বিবাহ : বঙ্কিমচন্দ্র - রবীন্দ্রনাথ - শরৎচন্দ্র । বাংলা উপন্যাসে প্রেম ও বিবাহ - এই দুটি বিষয় কীভাবে তিনজন মুখ্য উপন্যাসিক তাঁদের রচনায় চিত্রিত ও বিবৃত করেছেন - তাই আমার অনুসন্ধানের ও আলোচ্য বিষয় । এই বিষয়টি বিভিন্ন অধ্যায়ে যথাযথ ভাবে আলোচিত হয়েছে এই গবেষণা গ্রন্থে ।

প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে, এই গবেষণা - প্রকল্পের নির্দেশক ছিলেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রফেসর শ্রী প্রণয় কুমার কুন্ডু । এই গবেষণা প্রকল্পটি সম্পূর্ণ ভাবে তাঁরই নির্দেশ সম্পন্ন হয়েছে । তিনি যথোচিত - ভাবে যথা সময়ে উপদেশ দিয়ে আমাকে সতত সাহায্য করেছেন - এই কথাটা অনুগ্রহ প্রদর্শন সত্বে স্মরণ করছি ।

শেফালী ভৌমিক